# নরওয়েতে আসা

# Coming to Norway

Aamiina

Julie Cornelia van Walsum

Tahmina Akter

5

বাংলা bn / English en

আমি ও আমার দুই ভাই ২০১৬ সালের ডিসেম্বরে নরওয়েতে এসেছিলাম। আমরা গ্রীষ্মের পোশাক পরেছিলাম, কারণ আমরা ভেবেছিলাম সোমালিয়ার মতো নরওয়েতেও গরম থাকবে। কিন্তু আমরা যখন বিমানবন্দরে পৌঁছালাম, তখন তুষারপাত হচ্ছিল। আমাদের ঠান্ডা লাগছিল আর আবহাওয়া হিমশীতল ছিল। যদিও আমরা কয়েকটি স্যুটকেস নিয়ে এসেছিলাম, তবুও এগুলোর মধ্যে কেবল গরমের পোশাকই ছিল।

• • •

My two brothers and I came to Norway in December 2016. We wore summer clothes because we thought it would be as warm in Norway as it was in Somalia. However, when we arrived at the airport, it was snowing. We were cold and the weather was chilly. Although we had brought a few suitcases, they only had summer clothes in them.

আমরা যখন নরওয়েতে এসেছিলাম, তখন আমি খুব খুশি হয়েছিলাম যদিও অনেক ঠান্ডা ছিল। অবশেষে আমি আমার মায়ের সাথে আবার দেখা করতে পারবো, যাকে আমি ছয় বছর ধরে দেখিনি। আমার মা ও তার দুই বন্ধু আমাদের সাথে দেখা করেছিলেন। আমরা যখন তাঁকে দেখলাম, আনন্দে কেঁদে ফেলেছিলাম। আমরা সেই ছোট শহরে চলে যাই, যেখানে মা থাকেন।

• • •

Even though it was cold, I was very happy when we came to Norway. I would finally meet my mum again, whom I had not seen for six years. My mum and two of her friends met us. When we saw her, we wept with joy. We drove to the small town where Mum lives.

মায়ের শহরে প্রথম দিনগুলো খুবই অদ্ভুত ছিল। এখানে ঠান্ডা ছিল, তুষারপাত হচ্ছিল আর দেখার মতো খুব বেশি কিছু ছিল না। রাস্তাগুলো ছিল একেবারে ফাঁকা। আমি যে অল্প কয়েকজনের সাথে দেখা করেছিলাম, তারা শীতল ও বন্ধুত্বহীন বলে মনে হয়েছিল। সোমালিয়ায় সব জায়গায় লোকজন ছিল, তাই এখানে সবকিছু অপরিচিত মনে হয়েছিল। আমার মা ও তার বন্ধুরা আমাদের কিছু উপহার দিয়েছিলেন এবং তারপর তিনি আমাদের শীতের পোশাক কিনতে নিয়ে গিয়েছিলেন।

• • •

The first days in Mum’s town were very strange. It was cold and snowy and there was not much to see. The streets were completely empty. The few people I met seemed cold and unfriendly. In Somalia there were people everywhere, so everything felt unfamiliar here. My mum and her friends gave us some presents, and then she took us to buy winter clothes.

বড়দিনের ছুটির পর আমি প্রাপ্তবয়স্কদের শিক্ষাকেন্দ্রে একটি নরওয়েজিয়ান কোর্সে যোগ দিয়েছিলাম। একটি সাধারণ স্কুলে পড়ার আগে আমি সেখানে দুই বছর পড়াশোনা করেছি। এখন আমি আমার শেষ বর্ষে আছি এবং আমি অনেক নতুন বন্ধু তৈরি করেছি। আমি খুব সামাজিক এবং অন্যান্য লোকজনের সাথে দেখা করতে পছন্দ করি।

• • •

After the Christmas holidays I joined a Norwegian course at the adult education centre. I studied there for two years before starting in an ordinary school. Now I am in my final year, and I have made many new friends. I am very sociable and enjoy meeting other people.

স্কুলের পর আমি স্বেচ্ছাসেবকদের দ্বারা পরিচালিত একটি কেন্দ্রে যাই, যেখানে আমি আমার হোমওয়ার্কে সহায়তা পাই। ঐ কেন্দ্রে আমি একটি সেলাইয়ের কোর্সেও যোগ দিয়েছি।

• • •

After school I go to a centre run by volunteers where I get help with my homework. I have also joined a sewing course at the centre.

সোমালিয়ায় আমি কখনো স্কুলে যাইনি বা কুরআন স্কুল ছাড়া আর কোনো কোর্স করিনি। আমি পড়তে বা লিখতে জানতাম না। এখন আমি সোমালি ও নরওয়েজিয়ান উভয় ভাষায় অনেক বিষয়ে লিখতে শিখেছি। শিক্ষা ছাড়া আমার মনে হতো আমি কেউ নই। এখন আমার নিজেকে জ্ঞানী ও সুখী মনে হয়।

• • •

In Somalia I never went to school or did any courses except Quran school. I did not know how to read or write. Now I have learned how to write in both Somali and Norwegian, and many other subjects. Without education I felt I was nobody. Now I feel knowledgeable and happy.

আগামী বছর আমি স্বাস্থ্য ও যুব উন্নয়ন বিভাগে মাধ্যমিক বিদ্যালয়ে পড়াশুনা শুরু করব। ভবিষ্যতে আমি একজন যুবকর্মী হতে চাই। আমি যখন আমার পড়াশোনা শেষ করব, তখন আমার স্বপ্ন একটি স্থায়ী চাকরি পাওয়া। আমি ড্রাইভিং শিখতে চাই এবং ড্রাইভিং লাইসেন্স পেতে চাই।

• • •

Next year I will start secondary school in the health and youth development section. In the future I want to become a youth worker. When I have finished my education, my dream is to get a permanent job. I also want to learn how to drive and get my driver’s licence.

আমি যদি সোমালিয়ায় থাকতাম, আমার মনে হয় আমি এতদিনে মা হয়ে যেতাম। হয়তো আমার অনেক সন্তান থাকত। আমি যদি সোমালিয়ায় থাকতাম, তাহলে এখনকার মতো সুযোগ-সুবিধা পেতাম না। নরওয়েতে থাকতে পেরে আমি নিজেকে ভাগ্যবান মনে করি।

• • •

If I had stayed in Somalia, I think I would have been a mother by now. Perhaps I would already have many children. If I had been in Somalia, I would not have had the same opportunities as I have had now. I feel lucky to live in Norway.

# LIDA Stories

lidastories.net

## নরওয়েতে আসা

## Coming to Norway


Aamiina
Julie Cornelia van Walsum
Tahmina Akter (bn)


CC BY